

উপাচার্যকে হত্যার হুমকির প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৯:২৪, ৫ নভেম্বর ২০২৪



বিক্ষোভ মিছিল ও সমাবেশ।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এ এস এম আমানুল্লাহ-এর হত্যার হুমকির প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (৫ নভেম্বর) সকল ১১টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সম্মুখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও অন-ক্যাম্পাস শিক্ষার্থীদের সমন্বয়ে এ প্রতিবাদ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের অফিসার্স এসোসিয়েশনের সভাপতি ও পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) মো. এনামুল করিম।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন- জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. নুরুল ইসলাম, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. ফকির রফিকুল আলম, কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্রের ডিন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ আবুদারদা, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পেশাজীবী পরিষদের সহ-সভাপতি ও আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ বেলাল হোসেন, প্রকৌশল দপ্তরের প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) মোঃ মিজানুর রহমান, অতিরিক্ত কলেজ পরিদর্শক মোঃ সানাউল্লাহ মিঞা, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ জাকির হোসেন, সহযোগী অধ্যাপক সৈয়দ আফজাল হোসেন, চাকুরীরক্ষা কমিটির নেতৃবৃন্দ নাজিমউদ্দিন আহমেদ সিশিম (অফিসার্স এসোসিয়েশনের সেক্রেটারি), মিয়া হোসেন রানা, খন্দকার আবু হানিফ, কর্মচারীদের পক্ষ থেকে সভাপতি ইকবাল হোসেন

এবং অন-ক্যাম্পাস শিক্ষার্থীদের মধ্যে থেকে অফিউল হাসান, শাহরিয়ার রহমান ও আরিফুল। প্রতিবাদ সভায় বক্তারা উপাচার্য মহোদয়ের হত্যার হুমকির দুষ্কৃতকারীকে দ্রুত আইনের আওতায় এনে গ্রেফতারের দাবি জানান।

উপ-উপাচার্য প্রফেসর ড. নুরুল ইসলাম বলেন, এ ধরনের হুমকি উপাচার্য মহোদয়ের সংস্কারের উদ্যোগ এবং সার্বিক উন্নয়ন কার্যক্রমকে ব্যাহত করার অপচেষ্টা মাত্র। এ আঘাত বৈষম্য বিরোধী আন্দোলনে শহিদ ও আহত ছাত্র-জনতার উপর আঘাত। আমরা শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও বাংলাদেশের শিক্ষার্থীরা এ হুমকি বরদাস্ত করবো না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অভিভাবককে হুমকি দেওয়া মানে তার সংশ্লিষ্ট সকলকে হুমকির সামিল। এ হুমকি একজনের জন্য নয়, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ দেশের অন্তর্বর্তীকালীন সরকারের সাথে যারা সহমত পোষণ করে কাজ করছে তাদের জন্য হুমকি স্বরূপ। তিনি এই হুমকির তীব্র নিন্দা করে অনতিবিলম্বে দুষ্কৃতকারীকে গ্রেপ্তারের আহ্বান জানান।

প্রতিবাদ অনুষ্ঠানের সভাপতি উপাচার্য মহোদয়কে হত্যার হুমকির প্রতিবাদ করে বলেন, আমাদের উপাচার্য হত্যার হুমকি মানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিবার তথা শিক্ষা ব্যবস্থাকে হুমকি প্রদান করা। তিনি এ হুমকির তীব্র নিন্দা জ্ঞাপন করেন এবং দুষ্কৃতকারীকে দ্রুত গ্রেপ্তার করে শাস্তির আওতায় আনার দাবি জানান।

প্রতিবাদ অনুষ্ঠান পরিচালনায় ছিলেন এস্টেট দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মো. মোসলেম উদ্দিন।

এম হাসান